

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।  
মিশন অধিশাখা

[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.১৯০.১১.০০৬.১৬-২৬৭

তারিখ: ২৫-০৫-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ মিশনের বিভিন্ন শ্রম উইংয়ে প্রথম সচিব (শ্রম)/দ্বিতীয় সচিব (শ্রম) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।


বিদেশস্থ বাংলাদেশ মিশনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ শ্রম উইংয়ে প্রথম সচিব (শ্রম) ও দ্বিতীয় সচিব(শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাদের নিকট হতে 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদ	মিশন	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
১	প্রথম সচিব (শ্রম)	সিউল, দুবাই, ব্রুনাই-দারুসসালাম	৩ (তিন)টি	সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা (৬ষ্ঠ গ্রেড)। এ পদে ২ বছরের চাকরির অভিজ্ঞতা।	বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, নতুন শ্রমবাজার অনুসন্ধান, বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ, বিদেশে কর্মরত বাংলাদেশিদের কল্যাণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান।
২	দ্বিতীয় সচিব (শ্রম)	বাগদাদ	১ (এক)টি	সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা (৬ষ্ঠ গ্রেড)।	

শর্তাবলী :

- ০১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী সরকারী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ২৮-০৬-২০১৭ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়াছবি ও ০১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে যুগ্মসচিব, মিশন অধিশাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণী দাখিল করতে হবে।
- ০৪। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদ পত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৫। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৬। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের বিধানাবলী অনুসরণ করা হবে।

- ০৭। যে সকল কর্মকর্তা ইতিপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩(তিন) বছরের মধ্যে তারা আবেদন করতে পারবেন না। ইতিপূর্বে বিদেশে পদায়নকালে যে পদে/পদমর্যাদায় কাজ করেছেন তার উর্ধ্বতন পদ ব্যতিত সমপর্যায়ের পদের জন্য আবেদন বিবেচিত হবে না।
- ০৮। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম তারা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- ০৯। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে। মিশন একাধিক হলেও একটির বেশী আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। ১ জানুয়ারী ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা ০২(দুই) এর অধিক তাদের আবেদন বিবেচিত হবে না।
- ১১। বিশেষ পরিস্থিতিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে।

  
(মোজাফফর আহমেদ)  
যুগ্মসচিব (মিশন)  
ফোন : ৪৯৩৪৯৪২১  
[dsmission.probashi@gmail.com](mailto:dsmission.probashi@gmail.com)

বিতরণঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ০৫। সিনিয়র সচিব/সচিব .....(সকল) মন্ত্রণালয়/বিভাগ, তাঁর আওতাধীন সকল কর্মকর্তাকে অবহিত করণের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানানো হল)।

নং-৪৯.০০.০০০০.১৯০.১১.০০৬.১৬-২৬৭(৪)

তারিখ: ২৫-০৫-২০১৭ খ্রিঃ

অনুলিপি :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি

(মোজাফফর আহমেদ)  
যুগ্মসচিব

## জীবন বৃত্তান্ত ছক

প্রার্থীর পদ :

- ০১। নাম ও পরিচিতি নম্বর :  
 ০২। বর্তমান আবাসিক ঠিকানা :  
 ০৩। স্থায়ী ঠিকানা :  
 ০৪। জন্ম তারিখ :  
 ০৫। পদবী এবং বর্তমান কর্মস্থল :  
 ০৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :  
 ০৭। বর্তমান গ্রেড ও বেতন স্কেল :  
 ০৮। ক্যাডারের নামসহ যোগাদানের তারিখ  
 এবং চাকরিকালের সঠিক মেয়াদ :  
 (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)  
 ০৯। ইত:পূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন  
 তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণঃ  
 ১০। শিক্ষাগত যোগ্যতা :  
 (এসএসসি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায়  
 অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে)  
 ১১। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয়			
(খ) বিদেশী			

- ১২। বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতাঃ  
 (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)  
 ১৩। বিদেশে ইতিপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)ঃ  
 ১৪। বিবাহিত/ অবিবাহিত :  
 ১৫। সন্তান সংখ্যা :  
 (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)  
 ১৬। প্রার্থিত পদ ও মিশনের নাম :  
 ১৭। অন্যান্য বিষয় (যদি থাকে) :

আবেদনকারীর নামসহ স্বাক্ষর

ফোন: অফিসঃ

বাসা :

মোবাইলঃ

ই-মেইল :

